



গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-প্রধান বন সংরক্ষকের কার্যালয়
সামাজিক বন উইং
বন ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।

পত্র নং: ২২.০১.০০০০.০০৪.০৪.০১৫.২০১৮০৩.৪০.১২৩.২০২০.৩০৬ তারিখ: ০৯-১১-২০২০ খ্রিঃ।

প্রাপকঃ প্রধান বন সংরক্ষক

বন অধিদপ্তর
বাংলাদেশ।


(দৃষ্টি আকর্ষণঃ উপ-বন সংরক্ষক, রিমস্ ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকাকে ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

বিষয়ঃ সামাজিক বনায়নের হালনাগাদ তথ্যাদি।

সম্মান সহকারে উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সামাজিক বনায়নের হালনাগাদ তথ্যাদি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

▶	সামাজিক বনায়নের আওতায় ১৯৮১-১৯৮২ হতে ২০১৯-২০২০ অর্থবছর পর্যন্ত মোট ১ লক্ষ ৫১১.৭৮ হেক্টর ব্লক/উডলট এবং ৭৪ হাজার ৭৬৫.৩৬ কিলোমিটার স্ট্রীপ বাগান সৃজন করা হয়েছে।
▶	সৃজিত বাগানে ৭ লক্ষ ১১ হাজার ৫৫৮ জন উপকারভোগী সম্পৃক্ত রয়েছেন ; তন্মধ্যে মহিলা উপকারভোগীর সংখ্যা ১ লক্ষ ৩৭ হাজার ৩৩০ জন।
▶	সামাজিক বনায়নের মাধ্যমে সৃজিত বাগান সমূহ হতে মোট ৪৬ হাজার ৬২১ হেক্টর ব্লক/উডলট এবং ১৯ হাজার ৬৯২ কিলোমিটার স্ট্রীপ বাগান কর্তন করা হয়েছে। যার বিক্রয় মূল্য মোট ১৩৩৫ কোটি ১৫ লক্ষ ৩৮ হাজার ৮৮৮ টাকা।
▶	এযাবৎ ২ লক্ষ ৫ হাজার ৬৩ জন উপকারভোগীর মাঝে মোট ৩৯৯ কোটি ৭৮ লক্ষ ৪৪ হাজার ৬৯৫ টাকা বিতরণ করা হয়েছে।
▶	২০১৯-২০ অর্থ বছর পর্যন্ত পুনঃ বনায়নের কাজে বৃক্ষরোপণ তহবিলে (টিএফএফ) মোট ১১১ কোটি ৭৪ লক্ষ ৮৫ হাজার ২১৬ টাকা জমা করা হয়েছে।
▶	সামাজিক বনায়নের মাধ্যমে সরকারের এযাবৎ রাজস্ব আয়ের পরিমাণ মোট ৪৬৪ কোটি ৫২ লক্ষ ৯ হাজার ৪৪৪ টাকা।
▶	ভূমি মালিক ও ইউনিয়ন পরিষদসহ অন্যান্যদের মাঝে বিতরণকৃত টাকার পরিমাণ মোট ২১৮ কোটি ৬৫ লক্ষ ৯ হাজার ৪১২ টাকা।

ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।


(মোল্লা মোহাম্মদ মিজানুর রহমান)
সহকারী প্রধান বন সংরক্ষক
সামাজিক বন ও সম্প্রসারণ